দৈনিক ইত্তেফাক

83

তারিখ ... AUG. 1-5-1999

পৃষ্ঠা ৪ ... কলাম ৩

## অভিভাবক প্রতিনিধি পদে অ-অভিভাবক

নরসিংদী জেলার মনোহরদী থানাধীন চালাকচর উচ্চ বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির অভিভাবক প্রতিনিধি নির্বাচনে মারাত্মক অনিয়ম হইয়াছে। অভিভাবক প্রতিনিধি নির্বাচনে প্রার্থী হিসাবে যাহারা প্রতিদ্বন্দ্বিতা করিয়াছেন তাহারা প্রকৃত ছাত্র-ছাত্রীর অভিভাবক নহেন। সরকারী বিধিতে সুস্পষ্টভাবে বলা হইয়াছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির অভিভাবক প্রতিনিধি নির্বাচনে কেবল তাহারাই প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন যাহারা ছাত্র-ছাত্রীর পিতা/মাতা অথবা তাদের মৃত্যুতে প্রকৃত অভিভাবক হিসাবে স্বীকৃত। সরকারী এই বিধান থাকা সত্ত্বেও গত ১৩-৭-৯৯ তারিখে অনুষ্ঠিত চালাকচর উচ্চ বালিকা বিদ্যালয়ের অভিভাবক প্রতিনিধি নির্বাচনে কয়েক জন অ-অভিভাবক প্রতিদ্বন্দ্বিতা করিয়া নির্বাচিত হইয়াছেন। যথাযথ তদন্তপূর্বক উক্ত বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষাবোর্ড ও সংশ্লিষ্ট সকল উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ হজরত আলী
গ্রামঃ চালাকচর, মনোহরদী, নরসিংদী।